

# একাদশে রেজিস্ট্রেশন শুরু ১৫ সেপ্টেম্বর

নিম্ন প্রতিবেদক

১০ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেশময়



একাদশ শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তি শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হবে আগামী ১৫ সেপ্টেম্বর। চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। গতকাল সোমবার ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চিঠিতে এ তথ্য জানানো হয়। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন কার্যক্রম শেষ না করতে পারলে বোর্ড দায়ী থাকবে না বলেও চিঠিতে উল্লেখ করা হয়।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, দেশের সব উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট <https://www.xiclassadmission.gov.bd> প্যানেল (কলেজের ইআইআইএন নম্বর ও পাসওয়ার্ড) দিয়ে লগইন করে আগামী ৩০ সেপ্টেম্বর বিকাল ৫টার মধ্যে রেজিস্ট্রেশনের জন্য প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীদের তথ্য অনলাইনে পাঠানোর সব কাজ শেষ করার জন্য বলা হলো।